নিউ ইয়র্ক স্টেট অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিসেবিলিটিস (OPWDD), অফিস অফ মেন্টাল হেলথ (OMH), অফিস অফ চিলড্রেন অ্যান্ড ফ্যামিলি সার্ভিসেস (OCFS), অফিস অফ টেম্পোরারি অ্যান্ড ডিসেবিলিটি অ্যাসিস্ট্যান্স (OTDA) এবং অফিস অফ অ্যাডিকশন সার্ভিসেস এন্ড সাপোর্টস (OASAS)

COVID-19 টিকাকরণের জন্য অত্যাবশ্যকীয় স্বাস্থ্যসেবা এবং সরাসরি সহায়তা কর্মীদের অগ্রাধিকার প্রদান

12 জানুয়ারী 2021

নিউ ইয়র্কে COVID-19 টিকা কর্মসূচীর প্রথম পর্যায়ে COVID-19 টিকার সীমিত পরিমাণ পাওয়া যাবে। রাষ্ট্র যে পরিমাণ টিকা পায় তা ফেডারেল সরকার কর্তৃক নিউ ইয়র্কে বরাদ্দের উপর ভিত্তি করে করা হয়। যাইহোক, রাষ্ট্র নির্ধারণ করে কার টিকা সবচেয়ে বেশি প্রয়োজন। নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেল্থ (NYSDOH) সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (CDC)-এর অ্যাডভাইজরি কমিটি অন ইউনিউনাইজেশন প্র্যাক্টিসেস (ACIP) নির্দেশিকার উপর ভিত্তি করে তার অগ্রাধিকার এবং বরাদ্দ কাঠামো প্রসারিত করছে।

OPWDD, OMH, OCFS, OTDA, OASAS এবং/অথবা তারা যে সব সুবিধা বা প্রোগ্রাম লাইসেন্স/প্রত্যয়ন করে, পরিচালনা এবং তত্ত্বাবধান করে তাদের অবশ্যই স্থানীয় হাসপাতাল, স্থানীয় স্বাস্থ্য বিভাগ, ফেডারেল যোগ্যতা সম্পন্ন স্বাস্থ্য কেন্দ্র (FQHC), রাজ্য এবং স্থানীয় পয়েন্টস অফ ডিস্ট্রিবিউশন (PODS) বা অন্যান্য স্বাস্থ্য সেবা প্রদানকারীদের সাথে কাজ করার জন্য প্রস্তুত থাকতে হবে যারা NYS COVID-19 টিকা প্রোগ্রামে COVID-19 টিকা প্রদানের জন্য নিবন্ধন করেছে যাতে তারা কর্মী এবং বাসিন্দাদের টিকাকরণে অবদান রাখতে পারে।

সম্ভবত প্রাথমিক ভাবে প্রাপ্ত টিকার সরবরাহ এজেন্সির লাইসেন্সপ্রাপ্ত/প্রত্যয়িত, পরিচালিত বা তত্ত্বাবধানে থাকা সকল কর্মচারী বা বাসিন্দাদের জন্য যথেষ্ট হবে না। NYSDOH নির্দেশ দিচ্ছে যে OPWDD, OMH, OCFS, OTDA, OASAS এবং তাদের লাইসেন্স/প্রত্যয়ন, পরিচালনা এবং তত্ত্বাবধানে থাকা প্রোগ্রামগুলিকে সীমিত সরবরাহের প্রাথমিক সময়ে তাদের কর্মী এবং অগ্রাধিকার জনসংখ্যার অগ্রাধিকার করবে। সংস্থাগুলিকে অবশ্যই তাদের লাইসেন্স/প্রত্যয়ন করা সরবরাহকারীদের নির্দেশ দিতে হবে যে তারা তাদের কর্মী এবং অগ্রাধিকার প্রাপ্ত জনসংখ্যার অগ্রাধিকার নিশ্চিত করার জন্য এই নির্দেশিকা অনুসরণ করতে।

COVID-19 টিকাকরণের পঞ্চম সপ্তাহের অগ্রাধিকার

11 জানুয়ারি, 2021 তারিখে, নিম্নলিখিত জনসংখ্যা টিকাকরণের জন্য অগ্রাধিকারপ্রাপ্ত জনসংখ্যার সাথে নতুন করে যুক্ত করা হয়েছে:

- OCFS কর্তৃক লাইসেন্সপ্রাপ্ত/প্রত্যয়িত এবং পরিচালিত একত্রিত বসবাস ব্যবস্থার বাসিন্দাদের সাথে মিথস্ক্রিয়ার সম্ভাবনা সহ কর্মীরা (বেতন এবং বেতন বিহীন), যাদের অন্তর্ভুক্তঃ আবাসিক কিশোর ন্যায়বিচার স্থাপন, আবাসিক পালক যত্ন কর্মসূচী, অনিরাপদ, নিরাপদ, এবং বিশেষ ভাবে নিরাপদ আটক সুবিধা, এবং পলাতক এবং গৃহহীন তরুণদের জন্য আবাসিক কর্মসূচী।
- কর্মী (বেতন এবং বেতন বিহীন) এবং আবাসিক প্রোগ্রামের বাসিন্দারা যারা গার্হস্থ্য হিংসার শিকার এবং প্রাপ্তবয়স্কদের জন্য পারিবারিক ধরনের বাড়ি।
- কর্মী (বেতন এবং বেতন বিহীন) যাদের বাসিন্দা এবং আবাসিকদের সাথে মিথস্ক্রিয়ার সম্ভাবনা রয়েছে, যা গৃহহীনতার সম্মুখীন ব্যক্তি এবং পরিবারের আশ্রয়ের জন্য ডিজাইন করা হয়েছে যেখানে বাসিন্দাদের অবশ্যই স্লিপিং কোয়ার্টার, বিশ্রামাগার এবং/অথবা খাওয়ার জায়গা ভাগ করে নিতে হবে।
- লাইসেন্সবিহীন একত্রিত সহায়ক আবাসনের প্রাপ্তবয়স্ক বাসিন্দা এবং আবাসিকদের সাথে মিথস্ক্রিয়ার সম্ভাবনা সহ কর্মীরা (বেতন এবং বেতন বিহীন)।

টিকা এবং অন্যান্য নির্দেশিকার জন্য যোগ্য জনসংখ্যা সম্পর্কে অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে।

নিচের টেবিলে কোন দলগুলোকে অগ্রাধিকার দেয়া হয়েছে এবং কে তাদের টিকা দেওয়ার জন্য দায়ী তার সারসংক্ষেপ তুলে ধরা হয়েছে।

টিকা প্রাপক গ্রুপ	**কে তাদের টিকা দিচ্ছে –NYS**	**কে তাদের টিকা দিচ্ছে – NYC**
OCFS স্টেট পরিচালিত – শুধুমাত্র স্টাফ	হাসপাতাল, জরুরি যত্ন কেন্দ্র, FQHC অথবা স্থানীয় স্বাস্থ্য বিভাগ এবং রাজ্য বা স্থানীয়ভাবে পরিচালিত PODS সহ টিকা প্রদানকারী।	প্রযোজ্য নয়
OCFS লাইসেন্সপ্রাপ্ত বা প্রত্যয়িত আবাসিক প্রোগ্রাম– স্টাফ এবং যোগ্য বাসিন্দা (উপরে বর্ণিত)	হাসপাতাল, জরুরি যত্ন কেন্দ্র, FQHC অথবা স্থানীয় স্বাস্থ্য বিভাগ এবং রাজ্য বা স্থানীয়ভাবে পরিচালিত PODS সহ টিকা প্রদানকারী।	সিটি অফ নিউ ইয়র্ক কর্তৃক জারি কৃত নির্দেশিকা অনুযায়ী।
গার্হস্থ্য হিংসার শিকার ব্যক্তিদের জন্য আবাসিক প্রোগ্রাম এবং প্রাপ্তবয়স্কদের জন্য পারিবারিক টাইপ হোম – স্টাফ এবং বাসিন্দা	হাসপাতাল, জরুরি যত্ন কেন্দ্র, FQHC অথবা স্থানীয় স্বাস্থ্য বিভাগ এবং রাজ্য বা স্থানীয়ভাবে পরিচালিত PODS সহ টিকা প্রদানকারী।	সিটি অফ নিউ ইয়র্ক কর্তৃক জারি কৃত নির্দেশিকা অনুযায়ী।
গৃহহীনদের জন্য একত্রিত আশ্রয় কেন্দ্র (উপরে বর্ণিত) – কর্মচারী এবং বাসিন্দারা	হাসপাতাল, জরুরি যত্ন কেন্দ্র, FQHC অথবা স্থানীয় স্বাস্থ্য বিভাগ এবং রাজ্য বা স্থানীয়ভাবে	সিটি অফ নিউ ইয়র্ক কর্তৃক জারি কৃত নির্দেশিকা অনুযায়ী।

	পরিচালিত PODS সহ টিকা প্রদানকারী।	
লাইসেন্সবিহীন সমবেত সহায়ক হাউজিং - স্টাফ এবং বাসিন্দা	হাসপাতাল, জরুরি যত্ন কেন্দ্র, FQHC অথবা স্থানীয় স্বাস্থ্য বিভাগ এবং রাজ্য বা স্থানীয়ভাবে পরিচালিত PODS সহ টিকা প্রদানকারী।	সিটি অফ নিউ ইয়র্ক কর্তৃক জারি কৃত নির্দেশিকা অনুযায়ী।

OPWDD, OMH, OCFS, OTDA এবং OASAS এবং সরবরাহকারীদের দায়িত্ব

এই নির্দেশিকা বর্ণনা করে কিভাবে OPWDD, OMH, OCFS, OTDA এবং OASAS এবং তাদের লাইসেন্স/প্রত্যয়িত এবং তত্বাবধান করা কমিউনিটি প্রোভাইডারদের কোন কর্মী, বাসিন্দা/রোগীরা প্রথমে টিকা গ্রহণ করবে এবং অগ্রাধিকারপ্রাপ্ত কর্মী, বাসিন্দা/রোগীদের জন্য টিকা অ্যাপয়েন্টমেন্টের সময়সূচী নির্ধারণের জন্য এবং কিভাবে টিকা প্রদানকারীর সাথে কাজ করতে হবে। অগ্রাধিকার প্রক্রিয়া স্বীকার করে যে একই সময়ে সকল নির্দিষ্ট কর্মীদের টিকা দেওয়ার জন্য পর্যাপ্ত টিকা নাও থাকতে পারে। কী পয়েন্টগুলির মধ্যে রয়েছে:

- অগ্রাধিকারপ্রাপ্ত সেটিংস এবং প্রোগ্রাম তাদের এবং তাদের কর্মীদের জন্য উপলভ্য টিকা সাইট সনাক্ত করতে তাদের স্থানীয় স্বাস্থ্য বিভাগ, হাসপাতাল এবং FQHC এর সাথে কাজ করা উচিত। উপরন্তু, যোগ্য কর্মচারী এবং সেবা প্রাপক/বাসিন্দাদের জন্য অ্যাপয়েন্টমেন্ট করতে নিম্নলিখিত লিংকটি ব্যবহার করা যেতে পারে: https://am-i-eligible.covid19vaccine.health.ny.gov/.
- OPWDD, OMH, OCFS, OTDA এবং OASAS সুবিধাতাগুলি সকল ফেজ 1A কর্মী বা বাসিন্দা/রোগীদের একসাথে টিকা দিতে পারবে না।
- তাদের সুবিধার বাইরে জনগণের সাথে সময়সূচী নির্ধারণের জন্য যোগাযোগ করা টিকা প্রদানকারীর দায়িত্ব নয়। OPWDD, OMH, OCFS, OTDA এবং OASAS-এর উচিত তাদের সরবরাহকারীদের স্থানীয় স্বাস্থ্য বিভাগ, হাসপাতাল, FQHC এবং অন্যান্য তালিকাভুক্ত টিকা সরবরাহকারীদের সাথে সংযোগ স্থাপন করতে এবং যোগ্য কর্মী এবং বাসিন্দা/সেবা প্রাপকদের টিকা করণের পরিকল্পনা করার জন্য উপরোক্ত লিংকটি ব্যবহার করতে নির্দেশ দেওয়া।
- সকল এজেন্সি এবং সুবিধাকে অবশ্যই তাদের কর্মীদের (এবং রোগী/বাসিন্দাদের, যদি প্রযোজ্য হয়) ট্র্যাক করতে হবে এবং টিকা প্রত্যাখ্যানকারী কর্মীদের রেকর্ড রাখতে হবে।

টিকার জন্য অগ্রাধিকারপ্রাপ্ত কর্মী

কর্মীদের টিকা সাইটে ফটো আইডি এবং/অথবা কর্মসংস্থানের প্রমাণ উপস্থাপন করতে হতে পারে।

1. **এজেন্সি নেটওয়ার্কের মধ্যে উচ্চ ঝুঁকিপূর্ণ সেটিংস সনাক্ত এবং র‍্যাংক নির্ধারণ এটি এমন সেটিংস অন্তর্ভুক্ত করবে যেখানে:**
    - সন্দেহভাজন অথবা নিশ্চিত COVID-19 সহ রোগী বা বাসিন্দা/সেবা প্রাপকদের বাড়িতে রাখা বা সরাসরি যত্ন দেওয়া হয়;

- এরোসোলাইজিং পদ্ধতি সম্পাদন করা হয়;
- জনগণের সংস্পর্শে আসা নিয়ন্ত্রণ করা যাবে না (অভ্যর্থনা এলাকা, ক্যাফেটেরিয়া ইত্যাদি);
- যেখানে রোগী বা বাসিন্দা/সেবা প্রাপকদের এক্সপোজারের ফলে মৃত্যু এবং মৃত্যুর ঝুঁকি বেশি; বা
- যেখানে নিযুক্ত কর্মী, স্বেচ্ছাসেবী কর্মচারী, ঠিকাদার এবং স্বেচ্ছাসেবক আছেন যারা নিচের মানদণ্ড পূরণ করেন।

2. **নিম্নলিখিত মানদণ্ড পূরণ করে এমন প্রতিটি অবস্থানে সকল কাজের ভূমিকা বা চাকরির শিরোনাম চিহ্নিত করুন:**

   - যে সব কর্মী সরাসরি COVID-19 রোগী বা সংক্রামক উপাদানের সাথে কাজ করেন, উদাহরণস্বরূপ, COVID-19 রোগীদের দ্বারা অধিকৃত সরাসরি যত্ন, ক্লিনিং রুম, খাদ্য সরবরাহ বা পরিবহন সেবা প্রদান;
   - যে সব কর্মচারী এরোসোলাইজেশনের উচ্চ ঝুঁকি সম্পন্ন প্রক্রিয়া সম্পাদন করে;
   - যে সব কর্মী রোগী, বাসিন্দা/সেবা প্রাপক বা জনগণের সাথে অনিয়ন্ত্রিত সংস্পর্শে আসেন এমনভাবে যা ট্রান্সমিশনের ঝুঁকি বাড়াতে পারে; এবং
   - যে সব কর্মী শেয়ারকৃত সারফেস বা সাধারণ আইটেম স্পর্শ করে।

টিকাকরণের জন্য অগ্রাধিকারপ্রাপ্ত বাসিন্দা এবং রোগী

যেহেতু প্রাথমিক ভাবে টিকা বরাদ্দ একই সময়ে কোন প্রদত্ত সুবিধার সকল বাসিন্দা/রোগী/সেবা প্রাপকদের কভার করার জন্য যথেষ্ট নাও হতে পারে, তাই বাসিন্দা এবং রোগীদের অবশ্যই বয়স, কোমরবিডিটির সংখ্যা এবং বিদ্যমান রোগ বা রোগের তীব্রতাকে অগ্রাধিকার দিতে হবে। আবাসিক বা ইনপেশেন্ট সেটিংস যা OPWDD, OMH, OCFS, OTDA এবং OASAS কর্তৃক লাইসেন্সপ্রাপ্ত/প্রত্যয়িত, তত্ত্বাবধান এবং/অথবা পরিচালিত তাদের টিকা প্রচেষ্টায় তাদের টিকা প্রদানকারী অংশীদারদের সাথে কাজ করা উচিত। প্রথম এবং দ্বিতীয় ডোজের জন্য এজেন্সি এবং টিকা প্রদানকারীর মধ্যে সমন্বিত পরিকল্পনা সকল রোগী/বাসিন্দাদের জন্য সময়ের সাথে পূর্ণ কাভারেজ নিশ্চিত করতে হবে।

স্বল্প দৈর্ঘ্যের সুবিধা, যেমন রোগীর পুনর্বাসন বা স্বল্পমেয়াদী মানসিক অবস্থান, কোড ব্লু শেল্টার বা অন্যান্য স্বল্পমেয়াদী হাউজিং ডিসচার্জ পরিকল্পনার অংশ হিসেবে টিকাকরণ পরিকল্পনা বিবেচনা করা উচিত, বিশেষ করে যেহেতু এই সুবিধাগুলি স্বল্প দৈর্ঘ্যের হওয়ার কারণে টিকার দ্বিতীয় ডোজের পরিকল্পনা এবং সুবিধা করতে পারে না। টিকাকরণ পরিকল্পনা একটি স্বল্পমেয়াদী থাকার সময় টিকা না পাওয়া ব্যক্তিদের জন্য ডিসচার্জ প্ল্যানিং এর অংশ হওয়া উচিত।

দ্বিতীয় COVID-19 ডোজের জন্য অবিলম্বে পরিকল্পনা করুন

প্রথম ডোজ দেওয়ার সময় কর্মী এবং যোগ্য রোগী/বাসিন্দা/সেবা প্রাপকদের জন্য দ্বিতীয় ডোজ 21 বা 28 দিন পরে(কোন টিকা ব্যবহার করা হয় তার উপর নির্ভর করে) পাওয়ার অ্যাপয়েন্টমেন্ট করার জন্য টিকা সরবরাহকারীদের সাথে কাজ করুন। দ্বিতীয় ডোজ কখন এবং কোথায় পেতে হবে সে সম্পর্কে ঘন ঘন স্মারক পাঠানো গুরুত্বপূর্ণ। সকল টিকাপ্রাপ্ত কর্মী এবং বাসিন্দাদের ট্র্যাক করতে হবে যাতে তারা সময়মত

দ্বিতীয় ম্যাচিং ডোজ পায়। ব্যক্তিকে অবশ্যই একই টিকার দুটি ডোজ নিতে হবে (উদাহরণস্বরূপ, আপনাকে অবশ্যই ফাইজার টিকার দুই ডোজ অথবা মডার্না টিকার দুই ডোজ নিতে হবে; এগুলো বিনিময়যোগ্য নয়)।

টিকা নিরাপত্তা

টিকা পরবর্তী পর্যবেক্ষণ COVID-19 টিকা প্রচারণার একটি অপরিহার্য অংশ। সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল এন্ড প্রিভেনশন (Centers for Disease Control and Prevention, CDC) টিকা প্রাপ্তদের ভি-সেফ-এ অংশ নিতে উৎসাহিত করছে যা একটি স্মার্ট ফোন ভিত্তিক অ্যাপ্লিকেশন যা টিকা দেওয়ার পরের দিনগুলোতে টিকা প্রাপ্তদের তাদের লক্ষণগুলো টেক্সট মেসেজিং ব্যবহার করে প্রবেশ করতে সুযোগ দেবে। ভি-সেফ এছাড়াও দ্বিতীয় ডোজের জন্য স্মারক প্রদান করে এবং যারা চিকিৎসাগতভাবে উল্লেখযোগ্য প্রতিকূল ঘটনা রিপোর্ট করে তাদের জন্য টেলিফোন ফলোআপ করে। ভি-সেফ উপকরণ একটি ভি-সেফ তথ্য পত্রসহ http://www.cdc.gov/vsafe পাওয়া যাবে। টিকা প্রদানকারীরা টিকা দেওয়া প্রত্যেক ব্যক্তিকে একটি তথ্য পত্র প্রদান করবে।

ইকুইটি

যে সকল কর্মী টিকাকরণের মানদণ্ড পূরণ করে তাদের অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে, চাকরির শিরোনাম নির্বিশেষে। উদাহরণস্বরূপ, ডাক্তার, রেজিস্টার্ড নার্স, লাইসেন্সপ্রাপ্ত ব্যবহারিক নার্স, প্রত্যয়িত নার্সিং অ্যাসিস্ট্যান্ট, ডাইরেক্ট সাপোর্ট প্রফেশনাল, পার্সোনাল কেয়ার অ্যাসিস্ট্যান্ট, এনভায়রনমেন্টাল ওয়ার্কার, ওয়ার্ড ক্লার্ক, ডায়েটারি ওয়ার্কার এবং যারা একই ফ্লোর, ওয়ার্ডে কাজ করেন এবং যারা COVID-19 রোগীদের সাথে সরাসরি যোগাযোগ রাখতে পারেন। সকল সম্মতিকারী রোগী এবং বাসিন্দাদের জন্য ইকুইটিও আশা করা হচ্ছে।

পরিকল্পনাটি জানানো

অনুগ্রহ করে কর্মীদের (এবং রোগী/বাসিন্দা/তাদের আইনি অভিভাবক অথবা প্রতিনিধিদের ক্ষেত্রে) পরিষ্কারভাবে জানাতে হবে যে অগ্রাধিকার কিভাবে কাজ করবে। কর্মীদের জন্য, যারা অগ্রাধিকারের মানদণ্ড পূরণ করে তাদের চিহ্নিত করুন এবং COVID-19 টিকা দেওয়ার জন্য আপনাদের পরিকল্পনা তাদেরকে জানান। যদিও টিকা করণের তথ্য NYSDOH-এর কাছে জমা দেওয়া হবে, সকল এজেন্সি এবং সুবিধাকে অবশ্যই তাদের কর্মীদের (এবং রোগী/বাসিন্দাদের, যদি প্রযোজ্য হয়) ট্র্যাক করতে হবে এবং টিকা প্রত্যাখ্যানকারী কর্মীদের রেকর্ড রাখতে হবে।

এই নির্দেশিকা ইস্যু করার তারিখ থেকে এটি হালনাগাদ না করা পর্যন্ত, অথবা NYSDOH দ্বারা অতিরিক্ত নির্দেশিকা জারি করা পর্যন্ত কার্যকর হবে। প্রশ্নের জন্য, অনুগ্রহ করে নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেল্থ, COVID19vaccine@health.ny.govটিকা ব্যুরোর সাথে যোগাযোগ করুন।